

# PM's Departure Statement ahead of his visit to USA

September 22, 2021

## মার্কিন যুক্তরাষ্ট্র সফরের পূর্বে প্রধানমন্ত্রীর বিবৃতি

সেপ্টেম্বর 22, 2021

মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জো বাইডনের আমন্ত্রণে আমি 22-25 সেপ্টেম্বর সেদেশ সফর করবো।

সফরকালে রাষ্ট্রপতি বাইডনের সঙ্গে আমি ভারত-মার্কিন সুসংহত বিশ্ব কৌশলগত অংশীদারিত্ব পর্যালোচনা করবো। সেই সঙ্গে, পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে মতবিনিময় করবো। আমাদের দু'দেশের মধ্যে বিশেষ করে, বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতার সম্পর্কে আরও নিবিড় করার বিভিন্ন দিক খুঁজে বের করতে উপ-রাষ্ট্রপতি কমলা হ্যারিসের সঙ্গে বৈঠকের ব্যাপারে আমি অত্যন্ত আশাবাদী।

রাষ্ট্রপতি বাইডন, অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী স্কট মরিসন এবং জাপানের প্রধানমন্ত্রী যোশিহিদের সুগা'র সঙ্গে আমি কোয়াড বা চতুর্দেশীয় অক্ষর শীর্ষ বৈঠকে প্রথমবার মুখোমুখি অংশ নেবো। এই বৈঠক, গত মার্চে কোয়াডের ভারুয়াল বৈঠকে গৃহীত বিষয়গুলির অগ্রগতি নিয়ে আলোচনার পাশাপাশি, ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে আমাদের অভিন্ন দৃষ্টিভঙ্গীর ওপর ভিত্তি করে ভবিষ্যৎ বোঝাপড়ার বিষয়গুলি চিহ্নিত করতে সুযোগ করে দেবে।

আমি অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী মরিসন এবং জাপানের প্রধানমন্ত্রী সুগা'র সঙ্গেও দ্বিপাক্ষিক সম্পর্কের বিষয়গুলিকে আরও জোরদার করতে পৃথক পৃথকভাবে বৈঠকে বসবো। এই বৈঠকগুলিতে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে আমাদের মতবিনিময় হবে।

রাষ্ট্রসংঘের সাধারণ সভায় ভাষণ দিয়ে আমার মার্কিন যুক্তরাষ্ট্র সফর শেষ হবে। সাধারণ সভায় ভাষণে আমি কোভিড-১৯ মহামারী, সন্ত্রাসবাদ দমন, জলবায়ু পরিবর্তনের মোকাবিলা ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সহ বর্তমান আন্তর্জাতিক চ্যালেঞ্জগুলির প্রসঙ্গ উল্লেখ করবো।

আমার এই সফর মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে আমাদের সুসংহত আন্তর্জাতিক কৌশলগত অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার সুযোগ করে দেবে। সেই সঙ্গে, আমাদের কৌশলগত অংশীদার জাপান ও অস্ট্রেলিয়ার সঙ্গেও সম্পর্ককে আরও নিবিড় করতে সাহায্য করবে, যাতে গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বিষয়গুলি নিয়ে আমাদের সহযোগিতাকে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায়।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 22, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.